গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা শাখা-২
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৭৭.০১.০০৩.১৭-৪১ . তারিখ:-২৭/০৯/২০১৭খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ ফজলুল হক, অতিরিক্ত মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মহাপরিচালকের দায়িত্ব সাময়িকভাবে পালনকালীন সময়ে গত ০১ নভেম্বর, ২০১৫ তারিখে টিভি চ্যানেল আরটিভির সংবাদকর্মীদের নিজ দায়িত্বে সাক্ষাতকার প্রদান করেন এবং সাক্ষাতকার প্রদানের একপর্যায়ে অধিদপ্তরের অনিয়ম ও দুর্নীতি প্রকাশ না করার জন্য সাংবাদিকদের মোটা অংকের অর্থ প্রদানসহ অন্যান্য অভিযোগ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে তৎকালীন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বহিরাগমন) জনাব মোঃ হেদায়েতুল্লা চৌধুরীকে অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য নিয়োজিত করা হয়। তিনি ০৪.০৪.২০১৬ তারিখ প্রতিবেদন দাখিল করে অভিযোগসমূহ প্রাথমিকভাবে প্রমানিত হয়েছে মর্মে উল্লেখ করেছেন;

যেহেতু, উক্ত প্রাথমিক তদন্তে উল্লেখ করা হয় যে জনাব মোঃ ফজলুল হক, অতিরিক্ত মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর মহাপরিচালকের অতিরিক্ত দায়িত্ব পালনকালে গত ০১ নভেম্বর, ২০১৫ তারিখে বেসরকারি টিভি চ্যানেল আরটিভি এর সাংবাদিক জনাব ফখরুল ইসলাম এর সাথে সরকারের পূর্বানুমতিব্যতিত অতি উৎসাহী হয়ে দায়িত্বহীনভাবে অপ্রাঙ্গিক কথা বলেন এবং একই সময়ে তিনি পাসপোর্ট অধিদপ্তরের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি টিভি চ্যানেলে প্রকাশ না করার জন্য অর্থ প্রদান করেন এবং সাংবাদিকদের ব্লেজার প্রদান করতে চান। তার এ অযাচিত কার্যকলাপের জন্য পাসপোর্ট অধিদপ্তরের ভাবমূর্তি দারুনভাবে ক্ষুন্ন হয়। এ পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বর্ণিত অভিযোগে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব মোঃ ফজলুল হক কারন দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করলে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহন করা হয়;

যেহেতু, জনাব মোঃ ফজলুল হক এর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক মর্মে বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনিত অভিযোগসমূহ তদন্তের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর হোসেনকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে জনাব মোঃ ফজলুল হক এর বিরুদ্ধে ০১ নভেম্বর, ২০১৫ তারিখে বেসরকারি টিভি চ্যানেল আরটিভির সাংবাদিকদের সাথে সরকারের পূর্বানুমোদন ব্যাতিরেকে অতি উৎসাহী হয়ে দায়দায়িত্বহীনভাবে অপ্রাসঙ্গিক ও বিধিবহির্ভূত বক্তব্য প্রদান এবং পাসপোর্ট অফিসের দুর্নীতি ও অপকর্ম চাপা দেওয়ার লক্ষ্যে সাংবাদিকদের প্রভাবিত করার নিমিত্ত অর্থ প্রদান ও বিভিন্ন প্রলোভন দেখিয়ে দুর্নীতির বিষয় চাপা প্রদানের চেষ্টা করায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ১৯৮৫ অনুযায়ী অসদাচরনের অভিযোগ প্রমানিত হয়;

যেহেতু, জনাব মোঃ ফজলুল হক এর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় উল্লেখিত অভিযোগসমূহ তদন্তে প্রমানিত হওয়ায় তাকে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৪ বিধি অনুযায়ী গুরুদন্ড প্রদানের লক্ষ্যে তাঁকে দ্বিতীয় কারন দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারন দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন, জবাবে উল্লেখ করেন যে আগামী ০৩.১০.২০১৭ তারিখ তিনি পিআরএল এ গমন করবেন এবং অভিযোগের দায় হতে অব্যাহতি চান। দাখিলকৃত এ জবাবও সন্তোষজনক মর্মে প্রতিয়মান হয়নি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি, তদন্তকর্মকর্তার তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারন দর্শানোর নোটিশের প্রেক্ষিতে প্রাপ্ত জবাব ইত্যাদি পর্যালোচনা করা হয় এবং দ্বিতীয় কারন দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির পর তাঁর প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের মতামত গ্রহন ও উক্ত মতামত পর্যালোচনা করা হয়। এ পরিপ্রেক্ষিতে সার্বিক বিষয় বিবেচনাপূর্বক জনাব মোঃ ফজলুল হককে তাঁর বিরুদ্ধে আনিত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(২)(ই) বিধি অনুযায়ী তাকে তার বর্তমান বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরন করার লঘুদন্ড আরোপের সিদ্ধান্ত প্রদান করা হয়;

সেহেতু, জনাব মোঃ ফজলুল হক, অতিরিক্ত মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক তাকে একই বিধিমালার ৪(২)(ই) অনুযায়ী প্রজ্ঞাপন জারির তারিখ হতে তাঁর বর্তমান বেতনস্কেলের নিম্নধাপে অবনমিতকরন করার লঘুদন্ড প্রদান করা হলো। তিনি এ আদেশ স্বাক্ষরের তারিখ থেকে ৫৬৫০০/- টাকা স্কেলের প্রারম্ভিক ধাপে বেতন প্রাপ্য হবেন এবং শাস্তি প্রদত্ত বেতনের কোন অংশ তিনি পরবর্তীতে দাবি করতে পারবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪.৯.১৭

ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী
সচিব

মোঃ ফজলুল হক
অতিরিক্ত মহাপরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

:-৫৮.০০.০০০০.০৭৭.০১.০০৩.২০১৭-৪১/১(৭)

তারিখ: ১৩ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ / ২৮সেপ্টেম্বর,২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাঁকে গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।
৬। অতিরিক্ত সচিব (আইন ও শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮/৯/১৭

(মোঃ আলাউদ্দিন পাটোয়ারী)
সহকারী সচিব
ফোন৯৫৭৪৫২৬-
(discipline2@ssd.gov.bd